গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির ১ম সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ শাখাওয়াত হোসেন<br>মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (২য় তলা), খাদ্য অধিদপ্তর, ঢাকা |
| সভার তারিখ | : | ০৮ আগস্ট, ২০২২ |
| সভার সময় | : | বেলা ১১.০০ ঘটিকা |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট- 'ক' |

সভাপতি জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নকল্পে খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটির ১ম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি সভা পরিচালনার জন্য শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগকে অনুরোধ জানান। তদানুযায়ী শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা নির্ধারিত সূচি অনুযায়ী আলোচ্য বিষয় সভায় পর্যায়ক্রমে উপস্থাপন করেন। সভায় বিষয়ভিত্তিক বিস্তারিত আলোচনাক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ |
|---|---|---|---|---|
| ০১ | খাদ্য অধিদপ্তরের নৈতিকতা কমিটি পুনর্গঠন সংক্রান্ত আলোচনা | খাদ্য অধিদপ্তরের বিস্তৃত কার্যপরিধির সাথে সাথে শুদ্ধাচার চর্চার পরিধি বিস্তৃত হচ্ছে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২২-২৩ বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রকল্প/বিভাগ/ইউনিটের সম্পৃক্ততা ও ভূমিকা বিবেচনায় সংশ্লিষ্ট সকলকে নৈতিকতা কমিটিতে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠনের বিষয়ে সভায় উত্থাপিত প্রস্তাবের প্রেক্ষিতে বিস্তারিত আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরের বিদ্যমান নৈতিকতা কমিটি তে নিম্নোক্ত ব্যক্তিগণকে অন্তর্ভুক্ত করে কমিটি পুনর্গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। প্রকল্প পরিচালক (সকল)<br>২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট<br>৩। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ<br>৪। অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডম বিভাগ | নৈতিকতা কমিটি |
| ০২ | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত ফিডব্যাক অনুযায়ী জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ হালনাগাদকরণ এবং ১ম কোয়ার্টার এর লক্ষ্যমাত্রা বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা | ক। **কার্যক্রম নং ১.৩:** সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভা আয়োজন বিষয়ে আলোচনা করা হয়। | ২০২২-২৩ অর্থবছরের প্রতি কোয়ার্টারে ১টি করে মোট ৪টি সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। চসসা, সববি ও সংগ্রহ বিভাগ এবং নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট যথাক্রমে ১ম, ২য়, ৩য় এবং ৪র্থ কোয়ার্টারে সভা আয়োজন নিশ্চিত করবে। | পরিচালক চসসা, সববি, সংগ্রহ বিভাগ এবং নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট |
| | | খ। **কার্যক্রম নং ১.৪:** শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনে কোয়ার্টার ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ অনুষ্ঠানের বিষয়ে আলোচনা করা হয়। | অর্থ মন্ত্রণালয়ের ০৩/০৭/২২খ্রি. এর ০১নং পরিপত্রের গ-অনুচ্ছেদে ২০২২-২৩ অর্থবছরে অভ্যন্তরীণ প্রশিক্ষণ বাবদ বরাদ্দের ৫০% ব্যয় করা যাবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ পরিপ্রেক্ষিতে লক্ষ্যমাত্রা অনুযায়ী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন সম্ভব হবেনা বিধায় প্রশিক্ষণ লক্ষ্যমাত্রা বিদ্যমান লক্ষ্যমাত্রার ৫০% নির্ধারণপূর্বক কোয়ার্টারভিত্তিক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে নির্দেশনা চেয়ে খাদ্য মন্ত্রণালয় বরবার পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক প্রশিক্ষণ বিভাগ |
| | | গ। **কার্যক্রম নং ১.৫:** সভায় কর্ম-পরিবেশ উন্নয়ন (টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল নিষ্পত্তিকরণ/ নথি বিনষ্টকরণ/ পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি/ মহিলাদের জন্য পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা ইত্যাদি) বিষয়ে আলোচনা হয়। | ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনায় ইতোমধ্যে অন্তর্ভুক্ত ২টি কার্যক্রমের সাথে অতিরিক্ত হিসেবে 'ডেঙ্গু প্রতিরোধী পরিচ্ছন্নতা অভিযান' শীর্ষক নতুন একটি কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/ নেজারত শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ঘ। **কার্যক্রম নং ২.১:** যেসকল বিভাগ/প্রকল্প/ইউনিট ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেছেন তাদের ধন্যবাদ প্রদান করা হয় এবং যারা এখনও ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করেননি দ্রুততম সময়ে প্রকাশের বিষয়ে তাগিদ প্রদান করা হয়। | যেসকল বিভাগ/প্রকল্প/ইউনিট ২০২২-২৩ অর্থ বছরের রাজস্ব ও উন্নয়ন বাজেটের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে এখনও প্রকাশ করেননি তাদেরকে আগামী ১৭/০৮/২০২২খ্রি. তারিখের মধ্যে আবশ্যিকভাবে ওয়েবসাইটে আপলোড নিশ্চিত করতে হবে। | পরিচালক, প্রশাসন/ চসসা/সবরি/ সংগ্রহ/পউকা /হিসাব ও অর্থ /প্রশিক্ষণ /নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট/ কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট/ প্রকল্প পরিচালক (সকল) |
| | | ঙ। **কার্যক্রম নং ২.২:** সভায় অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার (রাজস্ব ও উন্নয়ন বাজেটের) যথাযথ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা করা হয়। | নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট ক্রয় পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন আবশ্যিকভাবে নিয়মিত যথাসময়ে দাখিল করবেন। | |
| | | চ। **কার্যক্রম নং ২.৩:** বাজেটের যথাযথ বাস্তবায়ন নিয়ে সভায় আলোচনা করা হয়। | লক্ষ্যমাত্রা অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত বিভাগ/প্রকল্প/ইউনিট সংশ্লিষ্ট বাজেটের যথাযথ বাস্তবায়ন করবেন এবং প্রমাণক হিসেবে ত্রৈমাসিক ভিত্তিতে iBAS++ প্রতিবেদন আবশ্যিকভাবে দাখিল করবেন। iBAS++ এ অন্তর্ভুক্ত না থাকলে সংশ্লিষ্ট হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে প্রাপ্ত সার্টিফিকেট দাখিল করবেন। | |
| | | ছ। **কার্যক্রম নং ২.৪:** ডিপিপি অনুসারে প্রকল্পের PIC সভার লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং সে অনুযায়ী কোয়ার্টার ভিত্তিক সভার আয়োজন সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। | খাদ্য অধিদপ্তরাধীন প্রকল্পসমূহের ডিপিপি অনুসারে ২০২২-২৩ অর্থবছরে নিম্নোক্তভাবে PIC সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১। আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প = ৪টি;<br>২। সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ প্রকল্প = ৪টি;<br>৩। খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ প্রকল্প **= ২টি*; সর্বমোট = ১০টি**<br>*প্রকল্পের মেয়াদ বৃদ্ধি সাপেক্ষে ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে বৃদ্ধি পাবে। | সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | জ। **কার্যক্রম নং ৩.২:** 'খাদ্য ভবনে জরুরি নির্গমন সিড়ি স্থাপন' কার্যক্রমটির পরিবর্তে অন্য একটি নতুন কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ফিডব্যাক এর প্রেক্ষিতে বাস্তবায়ন উপযোগী যথাযথ কার্যক্রম নির্বাচনপূর্বক কর্মপরিকল্পনা সংশোধন করতে হবে। | নৈতিকতা কমিটি |
| | | ঝ। **কার্যক্রম নং ৩.৩:** 'নৈতিকতা ও দুর্নীতি প্রতিরোধ সম্পর্কিত পোস্টার/স্টিকার প্রস্তুত ও বিতরণ' কার্যক্রমের পরিবর্তে নতুন কার্যক্রম গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | 'খাদ্য অধিদপ্তরের সকল বিভাগে দুর্নীতি প্রতিরোধে সহায়ক বিভিন্ন স্লোগান সম্বলিত স্টিকার স্থাপনের মাধ্যমে দুর্নীতি বিরোধী প্রচার ও নৈতিক আচরণে উদ্বুদ্ধকরণ' শীর্ষক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক প্রশাসন বিভাগ (নেজারত শাখা) |
| | | ঞ। **কার্যক্রম নং ৩.৪:** 'নাগরিক সনদ অনুযায়ী যথাযথভাবে আবেদনকৃত খাদ্য অধিদপ্তর পর্যায়ে নিষ্পত্তিযোগ্য পেনশনের ৮০% নিষ্পত্তি' কার্যক্রমটি পরিবর্তন করে লক্ষ্যমাত্রা হিসেবে নতুন একটি কার্যক্রম নির্ধারণের বিষয়ে আলোচনা হয়। | খাদ্য মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত ফিডব্যাক এর প্রেক্ষিতে বাস্তবায়ন উপযোগী যথাযথ কার্যক্রম নির্বাচনপূর্বক কর্মপরিকল্পনা সংশোধনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নৈতিকতা কমিটি |
| ০৩ | **কোয়ার্টার ভিত্তিক বাস্তবায়ন প্রতিবেদন নির্ধারিত সময়ে প্রেরণ নিশ্চিতকরণ** | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রতি কোয়ার্টার সম্পন্ন হওয়ার দ্রুততম সময়ে বাস্তবায়ন প্রতিবেদন যথাযথ প্রমাণকসহ শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণের বিষয়ে সভা আলোচনা করা হয়। | শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষ হওয়ার পরবর্তী মাসের ০৩ তারিখের মধ্যে কোয়ার্টার ভিত্তিক নির্ধারিত লক্ষ্যমাত্রার বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণকসহ সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্তগণ আবশ্যিকভাবে শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও অতিরিক্ত পরিচালক, প্রশাসন এর নিকট প্রেরণ নিশ্চিত করবেন। | সংশ্লিষ্ট বিভাগ/ ইউনিট প্রধান এবং প্রকল্প পরিচালক (সকল) |

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আন্তরিক প্রচেষ্টা গ্রহণের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাখাওয়াত হোসেন
মহাপরিচালক (গ্রেড-১)
ফোন-০২২২৩৩৫৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৩১.১৬.০০২.২১ ৬৫০ তারিখ: ১১/০৮/২০২২খ্রি.

অনুলিপি: সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে-

০১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৩। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৪। প্রকল্প পরিচালক, সারাদেশে পুরাতন খাদ্য গুদাম ও আনুষঙ্গিক সুবিধাদির মেরামত এবং নতুন অবকাঠামো নির্মাণ/ খাদ্যশস্যের পুষ্টিমান নিশ্চিত করার লক্ষ্যে প্রিমিক্স কার্নেল মেশিন ও ল্যাবরেটরী স্থাপন এবং অবকাঠামো নির্মাণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

০৫-১১। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১২। প্রকল্প পরিচালক, আধুনিক খাদ্য সংরক্ষণাগার নির্মাণ প্রকল্প, প্রবাসী কল্যাণ ভবন (লেভেল-১৭), ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা।

১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৪-১৫। অতিরিক্ত পরিচালক, অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ/এমআইএস এন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১৭। প্রশাসনিক কর্মকর্তা, নেজারত শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

১৮। অফিস কপি।

11/08/22

আবু নঈম মোহাম্মদ সফিউল আলম
শুদ্ধাচার ফোকাল পয়েন্ট/
অতিরিক্ত পরিচালক, প্রশাসন বিভাগ